



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

পত্র নং- ১২৯৩

তারিখ: ৩১.১২.২০১৭

আবেদন করার সময়: ৩১/১২/২০১৭ থেকে ০৬/০১/২০১৮

জেএসসি পরীক্ষা ২০১৭ এর ফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলি :

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে পুনঃ নিরীক্ষণের আবেদন করা যাবে। আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space> রোল নম্বর <Space> বিষয় কোড লিখে Send করুন 16222 নম্বরে।

উদাহরণঃ ঢাকা বোর্ডের কোন পরীক্ষার্থীর রোল নম্বর 123456 হলে message অপশনে RSC Dha 123456 101(বাংলা বিষয়) লিখে send করুন 16222 নম্বরে। ফিরতি এসএমএস-এ আবেদন বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে। এতে সম্মত থাকলে ম্যাসেজ অপশনে গিয়ে RSC Yes PIN Contact Number (যে কোন মোবাইল অপারেটর) লিখে send করুন 16222 নম্বরে।

উল্লেখ্য পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে একই এসএমএস এর মাধ্যমে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা দিয়ে বিষয় কোডগুলো আলাদা করে লিখতে হবে। যেমন বাংলা ও ইংরেজী দুটি বিষয়ের জন্য আপনার টেলিটক প্রি-পেইড মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে RSC Dha < Space> Roll Number 101,107 লিখতে হবে। এক্ষেত্রে প্রতিটি বিষয়ের এবং প্রতিটি পত্রের জন্য ১২৫ টাকা হারে ফি প্রযোজ্য হবে।

যে সকল বিষয়ের ২টি পত্র (বাংলা ও ইংরেজি) রয়েছে সে সকল বিষয়ে একটি বিষয় কোড বাংলার জন্য (১০১) ইংরেজির জন্য (১০৭) এর বিপরীতে দুটি পত্রের জন্য আবেদন হিসেবে গণ্য হবে এবং আবেদন ফি হিসাবে ২৫০ টাকা প্রযোজ্য হবে।

তপন কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা